

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৪

জ্যৈষ্ঠ ১, ১৪২৪  
তারিখ :-----  
মে ১৫, ২০১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

“পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০” এর সুষ্ঠু বাস্তবায়ন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-১২, তারিখঃ ১২ অক্টোবর ২০১৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলার লেটারের নির্দেশনা অনুযায়ী “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০” এর বিধি দ্বারা নির্দেশিত ধান, চাল, গম, ভূট্টা, সার ও চিনি উৎপাদনকারী ও সরবরাহকারী ব্যবসায়ী/প্রতিষ্ঠানগুলোকে ব্যাংক কর্তৃক ঋণ প্রদান, নবায়ন ও বিতরণকালে পাটের ব্যাগের ব্যবহারকে বাধ্যতামূলক করা হয়েছে।

০৩। জ্ঞাতব্য যে, “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০” এর সুষ্ঠু বাস্তবায়ন, পর্যালোচনা ও ভবিষ্যত করণীয় সম্পর্কে ০৯ এপ্রিল ২০১৭ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় উল্লিখিত পণ্য ছাড়াও মরিচ, হলুদ, পেয়াজ, আদা, রসুন, ডাল, ধনিয়া, আলু, আটা, ময়দা ও তুষ-খুদ-কুড়া উৎপাদনকারী ও সরবরাহকারী ব্যবসায়ী/প্রতিষ্ঠানগুলোকে ঋণ বিতরণকালে পাটের ব্যাগের ব্যবহার বাধ্যতামূলক করার শর্তারোপ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৪। এপর্যায়ে “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০” এর বিধি দ্বারা নির্ধারিত ধান, চাল, গম, ভূট্টা, সার, চিনির পাশাপাশি অন্যান্য পণ্য যথা মরিচ, হলুদ, পেয়াজ, আদা, রসুন, ডাল, ধনিয়া, আলু, আটা, ময়দা ও তুষ-খুদ-কুড়া উৎপাদনকারী ও সরবরাহকারী ব্যবসায়ী/প্রতিষ্ঠানগুলোকে ব্যাংক কর্তৃক ঋণ প্রদান, নবায়ন ও বিতরণকালে পাটের ব্যাগের ব্যবহার বাধ্যতামূলক করার শর্তারোপ করার জন্য আপনাদের নির্দেশনা প্রদান করা যাচ্ছে। উপরোক্ত প্রতিষ্ঠানগুলো পণ্য প্যাকেটজাতকরণে পাটের ব্যাগ ব্যবহার না করলে তাদের ক্ষেত্রে ব্যাংক ঋণ সুবিধা প্রদেয় হবে না মর্মেও তাদেরকে লিখিতভাবে অবহিত করার জন্য আপনাদের নির্দেশ দেয়া যাচ্ছে।

০৫। এ নির্দেশনা যথাযথভাবে পরিপালন নিশ্চিতকরণার্থে ষান্মাষিক ভিত্তিতে (৩১ ডিসেম্বর ও ৩০ জুন ভিত্তিক) অত্রসাত সংযোজিত ফরমেট-এ (সংযোজনী-ক) বর্ণিত তথ্যাদি প্রতি ষান্মাষিক অন্তে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এবং সংশ্লিষ্ট ব্যাংক পরিদর্শন বিভাগে রিপোর্ট করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(আবু ফরাহ মোঃ নাছের)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২

## বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

“পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০” এর সুষ্ঠু বাস্তবায়ন প্রসঙ্গে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১২, তারিখঃ অক্টোবর ১২, ২০১৫  
এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-০৪, তারিখঃ মে ১৫, ২০১৭ এর নির্দেশনা পরিপালন অগ্রগতি সম্পর্কিত তথ্যাদি :

..... তারিখ ভিত্তিক

ব্যাংকের নাম : -----

ক্রম	ব্যাংক শাখার নাম	ধান, চাল, গম, ভুট্টা, সার, চিনি, মরিচ, হলুদ, পেয়াজ, আদা, রসুন, ডাল, ধনিয়া, আলু, আটা, ময়দা ও তুষ-খুদ-কুড়া উৎপাদনকারী ও সরবরাহকারী ব্যবসায়ী/প্রতিষ্ঠান এর নাম	সার্কুলার জারী পরবর্তী ঋণ প্রদান/নবায়ন/বিতরণ তারিখ	ঋণের পরিমাণ (লক্ষ টাকায়)	বিআরপিডি সার্কুলার লেটার নং-১২, তারিখঃ অক্টোবর ১২, ২০১৫ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-০৪, তারিখঃ মে ১৫, ২০১৭ এর মাধ্যমে আরোপিত শর্ত যুক্ত করা হয়েছে কিনা।	ঋণগ্রহীতা ব্যবসায়ী/প্রতিষ্ঠান কর্তৃক পাটজাতমোড়কের ব্যবহারের ক্ষেত্রে আরোপিত শর্ত পরিপালন প্রতিবেদন।	মন্তব্য
	ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ
১							
২							
৩							
৪							
৫							
৬							

